

মার্কিন যুক্তরাষ্ট্রের সংক্ষিপ্ত ইতিহাস -- হাওয়াই এর সঙ্গে সম্পর্ক

1826 – মার্কিন যুক্তরাষ্ট্র হাওয়াই রাজ্যকে একটি সার্বভৌম, স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দিল।

1893 – মার্কিন নৌবাহিনী মার্কিন যুক্তরাষ্ট্রের সুরক্ষার অজুহাত দিয়ে হাওয়াই দখল করে এবং হাওয়াইতে মার্কিন যুক্তরাষ্ট্রের মন্ত্রী আমেরিকার পতাকা উত্তোলন করেন এবং এই মর্মে ঘোষণা করেন যে হাওয়াই এর প্রতিরক্ষা ও পরিচালনায় মার্কিন যুক্তরাষ্ট্র নিয়োজিত থাকবে। এরপরে মার্কিন সরকার হাওয়াই এর রানি লিলিউওকালানিকে (Liliuokalani) দায়ভার থেকে "মুক্তি দেয়" (রানির প্রতিবাদ সম্পর্কে পড়ুন: <http://www.kanakamaolipower.org/history.php>)।

1898 – মার্কিন যুক্তরাষ্ট্র স্বরাজ্যভুক্তির চুক্তির মত আনুষ্ঠানিক বিষয়গুলিকে এড়িয়ে "সরকারিভাবে" হাওয়াই দখল করে নেয়। তবে ইতিপূর্বে লুইজিয়ানা, ফ্লোরিডা, টেক্সাস এবং অন্যান্য এলাকা দখলের সময় তারা এই চুক্তি সম্পন্ন করেছিল। আন্তর্জাতিক আইন অনুসারে স্বরাজ্যভুক্তির চুক্তি না থাকার অর্থ হল দখলীকৃত দেশের সার্বভৌমত্ব সমর্পণ করা হয় নি।

1959 – মার্কিন যুক্তরাষ্ট্র একটি গণভোটের আয়োজন করে হাওয়াই এর অধিবাসীদের কাছে জানতে চায় যে তাঁরা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষায় থাকতে চান নাকি মার্কিন যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য হিসেবে দেশের সঙ্গে যুক্ত হতে চান। এই প্রক্রিয়ার পরিণাম যাতে নিজেদের অনুকূলে যায় তা নিশ্চিত করার জন্য তারা রাষ্ট্রসংঘের ঘোষণাপত্রের মাধ্যমে বাধ্যতামূলক তৃতীয় প্রশ্নটি সুবিধাজনকভাবে ভুলে যায় যে হাওয়াই এর অধিবাসীরা স্বাধীনতা চান কি না। হাওয়াইতে কর্তব্যরত মার্কিন সেনাবাহিনীর 10,000 সৈনিকের আরও ভোটের সাহায্যে তারা মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগ দেওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠ ভোট লাভ করে এবং তারপরে হাওয়াইকে পঞ্চাশতম রাজ্য হিসেবে অন্তর্ভুক্ত করে।

2015 – হাওয়াই এখনও আমেরিকার সাম্রাজ্যের সবচেয়ে সুন্দর উপনিবেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্র এখনও হাওয়াই এর স্বাধীনতাকামী অধিবাসীদের দূরে সরিয়ে রেখেছে। কিন্তু আর কত দিন...?

আমেরিকার অধিবাসীরা প্রতিদিন এই বলে নিজেদের উদ্বুদ্ধ করেন: "আমরা পৃথিবীর বুকে সর্বশ্রেষ্ঠ রাষ্ট্র!"

এমনকী তাঁরা তাঁদের স্কুলে পড়া শিশুদের আনুগত্যের এই শপথ বলতে শেখান: "...সকলের জন্য স্বাধীনতা এবং ন্যায়বিচার!"

হাওয়াই এর অধিবাসীদের উত্তর হল: *হাওয়াই আমেরিকা নয়, এবং কখনও হবেও না!*

অন্যান্য স্বাধীনতাকামী রাষ্ট্রের কাছে এর প্রাসঙ্গিকতা কী? বিষয়টি সেই সব রাষ্ট্রের খুবই অনুরূপ। পৃথিবীর বিভিন্ন স্থানে বেশ কয়েকটি পরাধীন রাষ্ট্র স্বাধীনতা অর্জনের জন্য লড়াই চালিয়ে আসছে। তাঁদের ইতিহাস থেকে দেখা যায় কীভাবে দখলকারী বাহিনী তাঁদের দমন করে রাখার জন্য আন্তর্জাতিক আইনকে বিকৃত করেছে অথবা অগ্রাহ্য করেছে। হাওয়াই এর নাগরিকেরা কাউয়াই এর বিদ্রোহকারী দ্বীপে একটি স্থায়ী শিক্ষামূলক প্রদর্শনী করতে চায় এবং তাঁদের ইতিহাস ও তাঁদের পতাকা প্রদর্শনের ব্যবস্থা করে সারা বিশ্ব থেকে আগত অতিথিদের এই বিষয়ে জানাতে চায়। এই সামগ্রী অবশ্যই ইন্টারনেট এর মাধ্যমেও পাওয়া যাবে এবং এগুলি অন্য অনেক ভাষায় অনূদিত হবে।